বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
একাডেমিক শাখা

নম্বর: ৩৭.০১.০০০০.০০০.১৩১.৪১.০০০৩.২৪.৯৬১

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

প্রাপক:
রেজিস্ট্রার, প্রাইম ইউনিভার্সিটি, ১১৪/১১৬ মাজার রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।।

**বিষয়: প্রস্তাবিত B.Sc. in Fashion Design and Apparel Engineering-শীর্ষক নতুন প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।**

জনাব,

বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) ধারা মোতাবেক আপনার বিশ্ববিদ্যালয়ের Faculty of Engineering অনুষদভুক্ত Department of Fashion Design and Apparel Engineering-এর অধীনে B.Sc. in Fashion Design and Apparel Engineering-**শীর্ষক প্রোগ্রাম নিম্নোক্ত শর্তে ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদন প্রদান করা হলোঃ-**

১. ক্রেডিট আওয়ারস ১৪৪ (একশত চুয়াল্লিশ) সহ কারিকুলামে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কমিশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডিগ্রি টাইটেল-এর কোনো প্রকার পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই প্রাইম ইউনিভার্সিটি, ১১৪/১১৬ মাজার রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬ ঠিকানাস্থ স্থায়ী ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না;

২. প্রোগ্রামটি ডুয়াল সেমিস্টার ভিত্তিতে পরিচালনা করা যাবে। ডুয়াল সেমিস্টার পদ্ধতিতে প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে ৪০ (চল্লিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করা যাবে। উল্লেখ্য যে, কোনো সেমিস্টারে কমিশন অনুমোদিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কোর্সে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কমিশন প্রণীত ছক অনুযায়ী একটি অনন্য (unique) রেজিস্ট্রেশন (আইডি) নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন (আইডি) নম্বর উল্লেখ করতে হবে;

৩. প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং/সান্ধ্য/শুক্র-শনি (উইকেন্ড)/এক্সিকিউটিভ ইত্যাদি নামে পরিচালনা করা যাবে না;

৪. কমিশন কর্তৃক অনুমোদিত প্রোগ্রামে/কোর্সে কোন শিক্ষার্থীকে ভর্তি করার ক্ষেত্রে কমিশন প্রণীত নির্ধারিত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করতে হবে;

৫. জিইডি (GED) ডিপ্লোমাধারী শিক্ষার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না;

৬. প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষককে কোনোক্রমেই ৩ থেকে ৪ টির বেশি কোর্স দেয়া যাবে না। যেসকল শিক্ষক প্রশাসনিক দায়িত্ব বা বিশ্ববিদ্যালয়ের অন্য কোন অতিরিক্ত দায়িত্ব যেমন ডিন, পরিচালক বা এরূপ দায়িত্ব পালন করবেন তাদেরকে কোনক্রমেই ৩ টির বেশি কোর্স দেয়া যাবে না;

৭. পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষককে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়ার ক্ষেত্রে ইউজিসি প্রণীত নীতিমালা/নির্দেশিকা অনুসরণ করতে হবে। শিক্ষকদের ০৪ (চার)টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে কোনো শিক্ষককে নিয়োগ/পদোন্নতি দেয়া যাবে না;

৮. বর্ণিত প্রোগ্রামে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে;

৯. কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে;

১০. লাইব্রেরিতে এ প্রোগ্রাম উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ এলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির (ইউডিএল) সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না);

১১. অনুমোদিত সিলেবাস/কারিকুলাম এবং ল্যাবরেটরি প্রতিবেদন (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে। বিশেষজ্ঞ কর্তৃক দাখিলকৃত ল্যাবরেটরি পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী-**(১) একটি ডেডিকেটেট উচ্চ কনফিগারেশনের কম্পিউটার ল্যাব সুবিধা অত্যন্ত প্রয়োজন,স্টান্ডার্ড বডি মিজারম্যান্টের অন্তত ২৫ থেকে ৩০ টি ড্রেস-ফর্ম প্রয়োজন হাতে-কলমে কাজ শেখানোর জন্য এবং সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষার্থীদের দক্ষতা অর্জনের জন্য; (২) প্রোগ্রামটি চালুকরণ ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট প্রোগ্রামের প্রয়োজনীয় ধরনভিত্তিক বইয়ের সংখ্যা বাড়ানো জরুরী। প্রোগ্রামটি অনুমোদনপ্রাপ্ত হলে দ্রুততম সময়ের মধ্যে নিয়োজিতব্য শিক্ষকবৃন্দকে পূর্নকালীন ভাবে নিয়োগ করে কমিশনে নিয়োগপত্র দাখিল করতে হবে;** উল্লিখিত ঘাটতিসমূহ আগামী ০১ (এক) মাসের মধ্যে পূরণ করে কমিশনকে লিখিতভাবে অবহিত করতে হবে;

১২. প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েব পেইজে সার্বক্ষণিক প্রকাশ করতে হবে;

১৩. প্রোগ্রামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে এবং এর সিলেবাস/ কারিকুলাম পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বেই সিলেবাস/কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে;

১৪. বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীগণের জন্য চাকুরীর প্রবিধানমালা আবশ্যকীয়। যদি না থাকে, অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চাকুরীর প্রবিধানমালা প্রণয়ন করে কমিশনে প্রেরণ এবং অনুমোদন করাতে হবে;

১৫. প্রতিটি প্রোগ্রাম পরিচালনার ক্ষেত্রে টিচিংলোড ক্যালকুলেশনপূর্বক উপযুক্ত যোগ্যতা অভিজ্ঞতা সম্পন্ন পূর্ণকালী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক এবং প্রভাষক নিয়োগ প্রদান করতে হবে। শিক্ষক-শিক্ষার্থীর আনুপাতিক হারে কতজন পূর্ণকালীন শিক্ষক নিয়োজিত রয়েছেন তার একটি প্রতিবেদন প্রতিবছর কমিশনে জমা দিতে হবে। উল্লেখ্য যে, প্রস্তাবিত B.Sc. in Fashion Design and Apparel Engineering-প্রোগ্রামটিতে পূর্ণকালীন শিক্ষক হিসেবে ০২ (দুই) জন সহযোগী অধ্যাপক, ০১ (এক) জন সহকারী অধ্যাপক এবং ০২ (দুই) জন লেকচারারসহ মোট ০৫ (পাঁচ) জন শিক্ষক রয়েছেন মর্মে আপনার বিশ্ববিদ্যালয় কর্তৃক তথ্য দেয়া হয়েছে। বিশেষজ্ঞ মতামত অনুযায়ী, উক্ত প্রোগ্রামটিতে আরো অধিক সংখ্যক শিক্ষক নিযুক্ত করতে হবে;

১৬. বিশ্ববিদ্যালয়ে নিয়মিত গবেষণার জন্য প্রতি অর্থ বছরের মোট বাজেটের ন্যূনতম ২% গবেষণা খাতে ব্যয় করতে হবে (এর বেশি বরাদ্দ থাকলে তা বহাল/বৃদ্ধি করা যাবে) এবং কি কি গবেষণা করা হচ্ছে তার একটি প্রতিবেদন কমিশনে জমা দিতে হবে;

১৭. বিশ্ববিদ্যালয়ের নিয়মিত প্রকাশনা থাকতে হবে এবং কোন কোন ক্ষেত্রে প্রকাশনার কাজ করা হয়েছে তার একটি প্রতিবেদন প্রতিবছর কমিশনে জমা দিতে হবে;

১৮. আইন অনুযায়ী মুক্তিযোদ্ধার সন্তান, মেধাবী অথচ দরিদ্র অনুন্নত অঞ্চলের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করতে হবে। কতজন শিক্ষার্থীকে প্রতিবছর উপবৃত্তি প্রদান করা হচ্ছে তার একটি প্রতিবেদন কমিশনে জমা দিতে হবে;

১৯. শিক্ষর্থীদের টিউশন ফি-সহ বিভিন্ন ফি নির্ধারণের জন্য বিশ্ববিদ্যালয়ে কমিটি গঠন জরুরী। কোন কোন ক্ষেত্রে কি পরিমাণ ফি নির্ধারণ করা হয়েছে তা কমিটির স্বাক্ষরিত একটি প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে;

২০. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য মেডিকেল সেন্টার থাকতে হবে। মেডিকেল সেন্টারে কমপক্ষে ১জন এমবিবিএস ডাক্তার এবং ১জন নার্স থাকতে হবে। শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীর সংখ্যা বিবেচনায় এর সংখ্যা বৃদ্ধি পেতে পারে;

উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যত্যয় হলে কমিশন উক্ত সময়ের পূর্বে প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;

**সকল সংযুক্তিসমূহ:**

(১) PU Revised Syallabus Fashion Design - 14.10.2025

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৯-১২-২০২৫
ড. মোঃ সুলতান মাহমুদ ভূইয়া
পরিচালক

নম্বর: ৩৭.০১.০০০০.০০০.১৩১.৪১.০০০৩.২৪.৯৬১/১ (৫)

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত পরিচালক, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। পিএস (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। প্রশাসনিক কর্মকর্তা, ইন্সপেকশন ও মনিটরিং শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৫। ব্যক্তিগত কর্মকর্তা ( পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

০৯-১২-২০২৫
শেখ আল আমিন
সহকারী পরিচালক (একাডেমিক শাখা),
বেসরকারি বিশ্ববিদ্যালয় ম্যানেজম্যান্ট বিভাগ,
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
(ইমেইলঃ alaminugc@gmail.com, ফোনঃ
০১৫৫৪৭৩৫২৭৩)